রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, নভেম্বর ২৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০২ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ/১৬ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

নং নিমবো/নিমনি/জাহাজ ভাঙ্গা/২০১৭/৫৬৪—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯(১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮(১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক "জাহাজ ভাঙ্গা" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ, ২০১৭ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত "জাহাজ ভাঙ্গা" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোন আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১, তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

সৈয়দ আমিনুল ইসলাম
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


মূল্য ঃ টাকা ৮.০০

# “জাহাজ ভাঙ্গা” শিল্প

## খসড়া সুপারিশ-২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ এর পত্র নং ৪০.০০.০০০০.০১৬.৩৯.০০২.১৬-১৬১, তারিখঃ ১৯ মার্চ ২০১৭ খ্রিঃ মূলে আইন ও বিধি মোতাবেক “জাহাজ ভাঙ্গা” শিল্প সেক্টরে নিম্নতম মজুরী নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং ১৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস. আর.ও. নং ১৯৩-আইন/২০১৬, তারিখ ঃ ২ জুন ২০১৬) নিম্নতম মজুরী বোর্ডে “জাহাজ ভাঙ্গা” শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড “জাহাজ ভাঙ্গা” শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড় বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ চট্টগ্রাম জেলার সীতাকুন্ডস্থ তাহের এন্ড কোং ও ম্যাক (MAK) কর্পোরেশন “জাহাজ ভাঙ্গা” শিল্প সরেজমিনে পরিদর্শনকরত তথ্য উপাত্ত সংগ্রহ করেন। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ এর পত্র নং ৪০.০০.০০০০.০১৬.৩২.১২.১৬-২৪৪, তারিখঃ ০৪ এপ্রিল ২০১৭ খ্রিঃ মূলে “জাহাজ ভাঙ্গা” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরী কাঠামোর সুপারিশ প্রণয়নের সময়সীমা ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হয়। বোর্ড সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের বোর্ডে দাখিলকৃত মজুরী প্রস্তাবসহ শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ্য, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করেন। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক “জাহাজ ভাঙ্গা” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরী হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল ঃ

১। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

২। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরী হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “জাহাজ ভাঙ্গা” শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তফসিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সে গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া তাহার মজুরী নির্ধারণ করিয়া বর্তমান প্রাপ্ত মজুরীর সহিত সুপারিশকৃত বর্ধিত মজুরী যোগ করিয়া তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে। কোন শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্তকরত মজুরী স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকদের জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরনভিত্তিক (Piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ, অব্যাহত থাকিবে।

১১। "জাহাজ ভাঙ্গা" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক প্রতি বৎসর মূল মজুরীর ৫% বার্ষিক মজুরী বৃদ্ধির সুবিধা পাইবেন।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। এই সুপারিশের কোন অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন/বিধি এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

স্বাক্ষরিত/-
(সৈয়দ আমিনুল ইসলাম)
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন)
নিরপেক্ষ সদস্য

স্বাক্ষরিত/-
(কাজী সাইফুদ্দীন আহমদ)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত/-
(ফজলুল হক মন্টু)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত/-
(এন ইউএম জাহাঙ্গীর চৌধুরী)
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত/-
(শফর আলী)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

# তফসিল "ক"

## মাসিক ও দৈনিক মজুরী হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ/ গ্রেড নম্বর | গ্রুপ | মাসিক মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী | দৈনিক মজুরী |
|---|---|---|---|---|---|---|---|
| **দক্ষ/গ্রেড-১ :**<br>১। ফোরম্যান<br>২। শিপ ইনচার্জ<br>৩। ইলেকট্রিক্যাল ফোরম্যান<br>৪। সাইড ফোরম্যান | ওয়ার গ্রুপ, জাহার কাটার গ্রুপ, ফিটার গ্রুপ, ইয়ার্ড কাটার গ্রুপ, লোডিং গ্রুপ, আনলোডিং গ্রুপ, | ২০০০০/- | ১০০০০/- | ২৫০০/- | ১৫০০/- | ৩৪০০০/- | ১৩১০/- |
| **দক্ষ/গ্রেড-২ :**<br>১। সুপারভাইজার<br>২। সহকারী ফোরম্যান<br>৩। উইংস ড্রাইভার<br>৪। ক্রেন ড্রাইভার/ অপারেটর<br>৫। ভ্যাকু ড্রাইভার। | ওয়ার গ্রুপ, ইয়ার্ড কাটার গ্রুপ, লোডিং গ্রুপ, আনলোডিং গ্রুপ, কাদা/মাটি গ্রুপ, ফিটার গ্রুপ, | ১৩৫০০/- | ৬৭৫০/- | ২৫০০/- | ১৫০০/- | ২৪২৫০/- | ৯৩৫/- |
| **আধা-দক্ষ/গ্রেড-৩ :**<br>১। কাটারম্যান<br>২। মিস্ত্রি<br>৩। ফিটারম্যান<br>৪। মেকানিক<br>৫। ইলেকট্রিশিয়ান<br>৬। ওয়্যারম্যান<br>৭। ওয়েম্যান। | ওয়ার গ্রুপ, জাহার কাটার গ্রুপ, ফিটার গ্রুপ, ইয়ার্ড কাটার গ্রুপ, লোডিং গ্রুপ, | ১১৫০০/- | ৫৭৫০/- | ২৫০০/- | ১৫০০/- | ২১২৫০/- | ৮২০/- |
| **অদক্ষ/গ্রেড-৪ :**<br>১। হেলপার<br>২। সাধারণ শ্রমিক<br>৩। ডাক মাস্টার<br>৪। কাটার হেলপার<br>৫। উইংস হেলপার<br>৬। ক্রেন হেলপার<br>৭। ইলেকট্রিশিয়ান হেলপার<br>৮। ভ্যাকু হেলপার<br>৯। মেগনেট হেলপার<br>১০। লোডার ম্যান। | ওয়ার গ্রুপ, জাহার কাটার গ্রুপ, ফিটার গ্রুপ, ইয়ার্ড কাটার গ্রুপ, কাদা/মাটি গ্রুপ, লোডিং গ্রুপ, আনলোডিং গ্রুপ, ক্যারিং গ্রুপ | ৮০০০/- | ৪০০০/- | ২৫০০/- | ১৫০০/- | ১৬০০০/- | ৬১৫/- |

- **শিক্ষানবিশ :**

(ক) শিক্ষানবিশীকাল ০৬(ছয়) মাস।

(খ) শিক্ষানবিশীকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে=৮০০০/(আট হাজার) টাকা প্রাপ্ত হইবেন।

(গ) শিক্ষানবিশীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তফসিল "খ"

### মাসিক ও দৈনিক মজুরী হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ/ গ্রেড নম্বর | মাসিক মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী | দৈনিক মজুরী |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-১ :</u><br>১। ম্যানেজার (যাহাদের প্রশাসনিক বা ব্যবস্থাপনা সংক্রান্ত কোন ক্ষমতা নাই) | ৩০০০০/- | ১৫০০০/- | ২৫০০/- | ১৫০০/- | ৪৯০০০/- | ১৮৮৫/- |
| <u>গ্রেড-২ :</u><br>১। সহকারি ম্যানেজার (যাহাদের প্রশাসনিক বা ব্যবস্থাপনা সংক্রান্ত কোন ক্ষমতা নাই) | ২৫০০০/- | ১২৫০০/- | ২৫০০/- | ১৫০০/- | ৪১৫০০/- | ১৬০০/- |
| <u>গ্রেড-৩ :</u><br>১। হিসাব রক্ষক<br>২। সেইফটি অফিসার | ২০০০০/- | ১০০০০/- | ২৫০০/- | ১৫০০/- | ৩৪০০০/- | ১৩১০/- |
| <u>গ্রেড-৪ :</u><br>১। সহকারি হিসাব রক্ষক<br>২। ক্যাশিয়ার<br>৩। সিকিউরিটি অফিসার। | ১৮০০০/- | ৯০০০/- | ২৫০০/- | ১৫০০/- | ৩১০০০/- | ১১৯৫/- |
| <u>গ্রেড-৫ :</u><br>১। স্কেলম্যান<br>২। অফিস সহকারী<br>৩। হিসাব সহকারী। | ১৪০০০/- | ৭০০০/- | ২৫০০/- | ১৫০০/- | ২৫০০০/- | ৯৬৫/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ/ গ্রেড নম্বর | মাসিক মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী | দৈনিক মজুরী |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-৬ :</u><br>১। পেশ ইমাম<br>২। বাবুর্চি<br>৩। ড্রাইভার। | ১১০০০/- | ৫৫০০/- | ২৫০০/- | ১৫০০/- | ২০৫০০/- | ৭৯০/- |
| <u>গ্রেড-৭ :</u><br>১। এমএলএসএস (পিয়ন)<br>২। সিকিউরিটি গার্ড | ৭৪০০/- | ৩৭০০/- | ২৫০০/- | ১৫০০/- | ১৫১০০/- | ৫৮০/- |

- **শিক্ষানবিশ :**

(ক) শিক্ষানবিশীকাল ০৬(ছয়) মাস।

(খ) শিক্ষানবিশীকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে=৭,৪০০/(সাত হাজার চারশত) টাকা প্রাপ্ত হইবেন।

(গ) শিক্ষানবিশীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd